

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

নং-এইচআরডিডি/ব্যাংকিং ডিপ্লোমা জুন-২০১৪/৮২(৩)/৭২৮

তারিখ : ১৬ মার্চ, ২০১৪

সকল অফিস ও শাখা প্রধানগণ

সোনালী ব্যাংক লিমিটেড

বাংলাদেশ।

প্রিয় মহোদয়, **বিষয় : ৭৯তম (খ্রীষ্টাব্দকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, জুন-২০১৪।**

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ কর্তৃক আয়োজিত ৭৯তম (খ্রীষ্টাব্দকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা (JAIBB ও DAIBB) নতুন সিলেবাস অনুযায়ী ২০১৪ সনের জুন মাসের ০৬, ১৩ ও ২০ তারিখে ঢাকা মহানগরীসহ দেশের সুনির্দিষ্ট জেলা সদরে অবস্থিত পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের পরীক্ষার ফিস/এন্ট্রি ফরম জমা দান ও প্রবেশপত্র সংগ্রহের পরামর্শ দানের জন্য সকল অফিস/শাখা প্রধানগণকে অনুরোধ করা যাচ্ছে।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ কর্তৃক প্রেরিত ৭৯তম (খ্রীষ্টাব্দকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা সংক্রান্ত তাদের ০৯ মার্চ, ২০১৪ তারিখের বিজ্ঞপ্তির আলোকে এন্ট্রি ফরম জমাদানের শেষ তারিখ, পরীক্ষার ফিসের পরিমাণ, পরীক্ষার সময়সূচি প্রভৃতি বিষয় নিম্নে উল্লেখ করা হল :

- ১। প্রয়োজনীয় ফিসসহ (বিলম্ব ফিস ছাড়া) কর্মকর্তা / কর্মচারী কর্তৃক এন্ট্রি ফরম জমা দেয়ার শেষ তারিখ : ২০-০৩-২০১৪।
- ২। বিলম্ব ফিসসহ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক এন্ট্রি ফরম জমাদানের শেষ তারিখ: ২৭-০৩-২০১৪।
- ৩। ফরম জমা গ্রহণকারী অফিস/শাখা কর্তৃক ২০-০৩-২০১৪ তারিখ পর্যন্ত প্রাপ্ত ফরম ও ফিসের টাকা ইনস্টিটিউটে জমা দেয়ার শেষ তারিখ ২৪-০৩-২০১৪ এবং বিলম্ব ফিসসহ ২৭-০৩-২০১৪ তারিখ পর্যন্ত প্রাপ্ত ফরম ও ফিসের টাকা ইনস্টিটিউটে জমা দেয়ার শেষ তারিখ ৩১-০৩-২০১৪। ফিসের টাকা (ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে) এবং এন্ট্রি ফরম/ফরমসমূহ উক্ত দিনই বাহক মারফত অথবা গ্যারান্টেড এক্সপ্রেস ডাকযোগে ইনস্টিটিউটে প্রেরণ করতে হবে। ৩১-০৩-২০১৪ তারিখের পর ইনস্টিটিউটে প্রেরিত এন্ট্রি ফরমগুলি বাতিল বলে গণ্য হবে এবং বাতিলকৃত ফিসের টাকা ফেরত দেয়া হবে না। প্রাপ্ত ফিস এর টাকার ওপর পৃথক পৃথকভাবে JAIBB (নতুন ও পুরাতন উভয়) এর জন্য একটি বিবরণী এবং DAIBB এর জন্য অপর একটি বিবরণী উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ইনস্টিটিউটে প্রেরণ করতে হবে।
- ৪। ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, JAIBB অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হতে ইচ্ছুক নতুন পরীক্ষার্থীদেরকে অবশ্যই এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত এতদ্বিষয়ক সনদপত্রের সত্যায়িত ফটোকপি তালিকাভুক্তি ফরমের সাথে জমা দিতে হবে।
- ৫। **প্রয়োজনীয় ফিসের বিবরণী :**
৭৫তম (খ্রীষ্টাব্দকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা থেকে JAIBB ও DAIBB এর পুরাতন পরীক্ষার্থীদের পরীক্ষা ফি বাবদ প্রতি বিষয়ে ৩০০/- প্রদানের নিয়ম বাতিল করা হয়েছে। ৭৯তম (খ্রীষ্টাব্দকালীন) ব্যাংকিং ডিপ্লোমা JAIBB ও DAIBB পরীক্ষার জন্য নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক পরীক্ষা ফি প্রদান করতে হবেঃ
(ক) যে সকল পরীক্ষার্থী জুন, ২০১৪ সালে প্রথমবারের মত (JAIBB ও DAIBB) পরীক্ষায় অংশগ্রহণ করবেন তাদের জন্য একাকালীন ফ্লাটরেট নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা পরীক্ষা ফি জমা দিতে হবে এবং নতুন JAIBB পরীক্ষার্থীদের তাদেরকে তালিকাভুক্তি ফরম (হলুদ ফরম) ও এন্ট্রি ফরম (সবুজ ফরম) এই দুইটি ফরম পূরণ করতে হবে। পুরাতন পরীক্ষার্থীদেরকে শুধু এন্ট্রি ফরম (সবুজ ফরম) পূরণ করতে হবে। DAIBB এর নতুন ও পুরাতন উভয় পরীক্ষার্থীরা শুধুমাত্র এন্ট্রি ফরম (সাদা ফরম) পূরণ করবেন।
(খ) JAIBB ও DAIBB এর যে সকল পরীক্ষার্থী ডিসেম্বর, ২০১৩ এর পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ হয়েছেন সেই সকল অনুত্তীর্ণ এক বা একাধিক বিষয়ের জন্য ফ্লাটরেট নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা পরীক্ষা ফি জমা দিতে হবে।
(গ) যে সকল পরীক্ষার্থী ডিসেম্বর, ২০১৩ পরীক্ষায় JAIBB উত্তীর্ণের পরই DAIBB পরীক্ষায় অংশগ্রহণ করবেন তাদের জন্য একাকালীন ফ্লাটরেট নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা পরীক্ষা ফি জমা দিতে হবে।
(ঘ) যে সকল JAIBB পরীক্ষার্থী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর পরবর্তী বা তৎপরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ না করে প্রথমবার DAIBB পরীক্ষায় অংশগ্রহণ করবেন তাদের জন্য এক বা একাধিক বিষয়ের জন্য ফ্লাটরেট নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা পরীক্ষা ফি জমা দিতে হবে।
(ঙ) পুরাতন পরীক্ষার্থী অর্থাৎ যারা ডিসেম্বর, ২০১৩ এর পূর্বে ১ম পর্ব/JAIBB এবং ২য় পর্ব/DAIBB পরীক্ষায় অংশগ্রহণ করেছেন তাঁদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে অনুত্তীর্ণ এক বা একাধিক বিষয়ের জন্য ফ্লাটরেট নির্ধারিত ১০০০.০০ (এক হাজার) টাকা পরীক্ষা ফি জমা দিতে হবে।
(চ) বিলম্ব ফিস (বিলম্ব এন্ট্রি ফরম দাখিলের জন্য) JAIBB/DAIBB এর জন্য ৮৫০/- (পঞ্চাশ) টাকা (নতুন এবং পুরাতন উভয় পরীক্ষার্থীর ক্ষেত্রেই এ সকল ফিসসমূহ প্রযোজ্য হবে)।
- ৬। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীগণ ইনস্টিটিউট কার্যালয় হতে এবং চট্টগ্রাম, সিলেট, বগুড়া, খুলনা, রাজশাহী, বরিশাল ও রংপুর জেলার পরীক্ষার্থীগণ উক্ত জেলাসমূহে অবস্থিত বাংলাদেশ ব্যাংক এর কার্যালয় হতে এবং অন্যান্য জেলার পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট জেলা সদরে অবস্থিত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখা থেকে পরীক্ষার এন্ট্রি ফরম, সিলেবাস ইত্যাদি নগদ মূল্যে সংগ্রহ করতে পারবেন।

২য় পৃষ্ঠা দৃষ্টব্য

শুধুমাত্র প্রধান কার্যালয় (স্টাফ কলেজসহ), ঢাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকায় রক্ষিত ৩৩০০০৩৪৬ নং চলতি হিসাবে ফিসের টাকা জমা দিতে হবে এবং পূরণকৃত এন্ট্রি ফরম নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের মানব সম্পদ উন্নয়ন বিভাগে জমা দিতে হবে। প্রধান কার্যালয়ের বাইরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ পূর্বের ন্যায় সংশ্লিষ্ট শাখায় নির্দিষ্ট হিসাব নাম্বারে ফিসের টাকা জমাদানের মাধ্যমে সংশ্লিষ্ট প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ে এন্ট্রি ফরম জমা দেবেন। কোন অবস্থাতেই ব্যক্তিগত পর্যায়ে ডিডি/পে-অর্ডারের মাধ্যমে পরীক্ষার্থীগণ এন্ট্রি ফরম জমা দিতে পারবেন না।

পরীক্ষা সময়সূচি : ৭৯তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, জুন ২০১৪

তারিখ	সময়	বিষয়	
০৬-০৬-২০১৪ শুক্রবার	সকাল ৯-০০ থেকে দুপুর ১২-০০ পর্যন্ত	প্রিন্সিপালস অব ইকোনমিক্স এন্ড বাংলাদেশ ইকোনমি	JAIBB
		ম্যানেজমেন্ট অব ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনস	DAIBB
	দুপুর ২-০০ থেকে বিকাল ৫-০০ পর্যন্ত	বিজনেস কমিউনিকেশন	JAIBB
		লেভিং অপারেশন এন্ড রিস্ক ম্যানেজমেন্ট	DAIBB
১৩-০৬-২০১৪ শুক্রবার	সকাল ৯-০০ থেকে দুপুর ১২-০০ পর্যন্ত	ল'জ এন্ড প্র্যাকটিস অব ব্যাংকিং	JAIBB
		ইন্টারন্যাশনাল ট্রেড এন্ড ফরেন এক্সচেঞ্জ	DAIBB
	দুপুর ২-০০ থেকে বিকাল ৫-০০ পর্যন্ত	অর্গানাইজেশন এন্ড ম্যানেজমেন্ট	JAIBB
		ইনফরমেশন টেকনোলজি ইন ফিন্যান্সিয়াল সার্ভিসেস	DAIBB
২০-০৬-২০১৪ শুক্রবার	সকাল ৯-০০ থেকে দুপুর ১২-০০ পর্যন্ত	একাউন্টিং ফর ফিন্যান্সিয়াল সার্ভিসেস	JAIBB
	সকাল ৯-০০ থেকে দুপুর ১২-৩০ পর্যন্ত	ম্যানেজমেন্ট একাউন্টিং	DAIBB
	দুপুর ২-০০ থেকে বিকাল ৫-০০ পর্যন্ত	মার্কেটিং অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস	JAIBB
		সেন্ট্রাল ব্যাংকিং এন্ড মনিটরিং পলিসি/ এথিক্যালচার এন্ড মাইক্রোফাইন্যান্স/ এসএমই এন্ড কনজিউমার ব্যাংকিং/ ইসলামিক ব্যাংকিং/ ইনভেস্টমেন্ট ব্যাংকিং এন্ড লিজ ফাইন্যান্সিং/ট্রেজারি ম্যানেজমেন্ট	DAIBB

গত ৭২ তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা নভেম্বর, ২০১০ থেকে নতুন সিলেবাস কার্যকর করা হয়েছে। উল্লিখিত সিলেবাসে JAIBB এবং DAIBB পরীক্ষার্থীদের পাশের সময়-সীমা নির্ধারণ করা হয়েছে। JAIBB পাশের জন্য ৪(চার) বছর এবং DAIBB পাশের জন্য ৪(চার) বছর সময়-সীমা নির্ধারণ করা হয়েছে। একইভাবে যে সকল পরীক্ষার্থী নতুন সিলেবাস কার্যকর হওয়ার পূর্বেই এক বা একাধিক বিষয়ে উত্তীর্ণ হয়েছেন কিন্তু সকল বিষয়ে চূড়ান্তভাবে উত্তীর্ণ হতে পারেনি তাঁদেরকেও গত ৭২ তম (শীতকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা থেকে JAIBB এবং DAIBB এর অনুত্তীর্ণ বিষয়/বিষয়সমূহ পাশের জন্য ৪(চার) বছর সময়-সীমা নির্ধারণ করা হয়েছে। উক্ত সময়-সীমার মধ্যে যে সকল পরীক্ষার্থী JAIBB এবং DAIBB পরীক্ষায় চূড়ান্তভাবে সকল বিষয়ে উত্তীর্ণ হতে পারবেন না তাদের সকল উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহ বাতিল বলে গণ্য হবে। তবে ঐ সকল পরীক্ষার্থী পুনরায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক হলে তাদেরকে নতুন তালিকাভুক্তি নম্বর নিয়ে JAIBB এবং DAIBB পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


২০১২ সন থেকে কার্যকর ফি সমূহ: সদস্য ফরম ২০/- টাকা, এন্ট্রি ফরম ২০/- টাকা, সিলেবাস ১০০/- টাকা, নরমাল মার্কশীট ২০০/- টাকা, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ৫০০/- টাকা, সাময়িক সনদ ২০০/- টাকা, মূলসনদ ৫০০/- টাকা (সাময়িক সনদপত্র উত্তোলন না করে মূল সনদপত্র উত্তোলন করা যাবে না), স্কুটিনি ফি প্রতি বিষয়ের জন্য ৩০০/- টাকা, পুরানো তথ্য সরবরাহ ফি ৫০০/- টাকা (পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে পরিশোধ করতে হবে)।

পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও নতুন সিলেবাস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত “Regulations and Syllabus for the Banking Diploma Examination, JAIBB and DAIBB” শীর্ষক পুস্তিকায় এবং পরীক্ষার এন্ট্রি ফরম-এ বর্ণিত আছে। নতুন সিলেবাস ইনস্টিটিউট এর প্রধান কার্যালয় দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ, বিডিবিএল ভবন (১০ম তলা), ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা থেকে নগদ মূল্যে সংগ্রহ করা যাবে।

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিশদভাবে জানার জন্য আইবিবি এর ৯১৩৭২৮২ ও ৯১৩৭২৮৩ টেলিফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

এই পত্রের বিষয়বস্তু সকল কর্মকর্তা/কর্মচারীদের গোচরীভূতকরণের এবং বর্ণিত নিয়মের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সামছুল আলম মিঞা)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

